

**শরণার্থী কার্যালয়ে “পরবর্তীকালীন আবেদন দাখিলের নিবন্ধন সময়সূচী নির্ধারণ করার জন্য” অনলাইন প্লাটফর্মটি ‘উন্মুক্ত’ করা হয়েছে।**

আজ সোমবার 22/8, প্রথম আবেদন চূড়ান্তভাবে প্রত্যাখান করা হয়েছে এমন আশ্রয়প্রার্থীদের উদ্দেশ্যে ফলদায়ক কার্যক্রমের লক্ষ্যে “পরবর্তীকালীন আবেদন দাখিলের নিবন্ধন সময়সূচী নির্ধারণ করার জন্য” অনলাইন প্লাটফর্মটির অ্যাপ্লিকেশনটি কার্যকর করা হয়েছে। বিশেষকরে, প্লাটফর্মটি তৃতীয় দেশীয় নাগরিকদের উদ্দেশ্যে খোলা হয়েছে যারা আমাদের দেশে নতুন করে পুনরায় আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদন দাখিল করতে চান তবে শর্তানুসারে নিশ্চিত হতে হবে যে, ব্যক্তির প্রথম আবেদনটি চূড়ান্তভাবে প্রত্যাখান করা হয়েছে।

প্লাটফর্মটি উপযোগী করা হয়েছে এবং তা ইংরেজি, আরবি, বাংলা, ফারসি, কিরমাজ্জি, দারি, পশতো, আলবেনিয়ান (স্কিপ), তুর্কী, উর্দু ও জর্জিয়ান ভাষায় প্রস্তুত আছে এবং ভবিষ্যতে প্রয়োজন হলে আরো অন্যান্য ভাষায় সম্প্রসারণের সম্ভাবনা রয়েছে।

নিম্নে উল্লেখিত লিঙ্কের মাধ্যমে এই প্লাটফর্মে প্রবেশ করতে পারবেন :

<https://apps.migration.gov.gr/international-protection-registration>

সঠিকভাবে সময়সূচী অনুসরণ করতে এবং সহজভাবে আপনার সেবা নিশ্চিত করতে অনুগ্রহপূর্বক অ্যাপয়েন্টমেন্টে নির্ধারিত সময়ের কমপক্ষে 30 মিনিট আগে আসুন এবং অবশ্যই আপনার পরিচয় সংক্রান্ত যাবতীয় নথিপত্র সাথে রাখুন।

উপরোক্ত প্রক্রিয়া চালু হওয়ার সাথে সাথেই নিবন্ধনের সময়সূচী নির্ধারণের জন্য পূর্বে যে স্কাইপ প্রোগ্রামটি চালু ছিলো তা আর কার্যকর করা হবে না।

পরিশেষে, আমরা আপনাকে স্মরণ করিয়ে দিচ্ছি যে, যে সমস্ত আগ্রহীরা শরণার্থী কার্যালয়ের দপ্তরগুলোতে কখনো যাননি বা আন্তর্জাতিক সুরক্ষার জন্য কখনো আশ্রয় আবেদন করেননি তারা “মূল আবেদন (প্রথমবার) নিবন্ধনের সময়সূচী নির্ধারণ করার জন্য” প্লাটফর্মে বর্ণিত প্রক্রিয়া অনুসরণ করে মালাকাসা কাঠামো ও দিয়াভাতা কাঠামোতে নিবন্ধন সম্পন্ন করতে পারবেন। এই প্লাটফর্মে প্রবেশ করতেও উক্ত লিঙ্কটি ব্যবহার করতে পারবেন

<https://apps.migration.gov.gr/international-protection-registration>